

ভুড়ার মাজরা পোকা

পোকা পরিচিতি:

মাজরা পোকা ভুড়ার ক্ষতিকর বালাই। এর বৈজ্ঞানিক নাম *Chilo partellus*, পরিবার Pyralidae এবং বর্গ Lepidoptera। পূর্ণবয়স্ক পোকা ৪ সে.মি. লম্বা, হালকা গোলাপী বর্ণের এবং পিঠে কালো দাগ বিশিষ্ট। এরা পাতার নিচে মধ্য শিরা বরাবর সাদা রঙের ডিম পাড়ে এবং ডিমগুলো মোমের আবরণ দিয়ে ঢেকে ফেলে। ২-৫ দিনের মধ্যে ডিমগুলো ফুটে শুককীট বের হয়। এরপর এরা কান্ডে প্রবেশ করে এবং কান্ডের ভিতরের টিস্যু খেতে থাকে।

ক্ষতির প্রকৃতি:

এরা রবি ও খরিফ উভয় মৌসুমের ভুড়াতেই আক্রমণ করে থাকে। কান্ডের গায়ে ছিদ্র অথবা মল দেখে সহজে গাছে পোকাকার উপস্থিতি সনাক্ত করা যায়। যদি এই পোকা কান্ডের আগার দিকে আক্রমণ করে তবে টাসেল উৎপন্ন হয় না। ফলে ফলন মারাত্মক ভাবে কমে যায়। এছাড়া এরা ভুড়ার মোচায় ও আক্রমণ করে ও মোচা খেতে থাকে। এই পোকা কান্ডে ছিদ্র করে ভিতরের টিস্যু খেয়ে ফেলে, ফলে কান্ড ঢলে পড়ে। এরা পাতায় ও আক্রমণ করে পাতা খেয়ে ফেলে। তবে সবচেয়ে বেশী ক্ষতি করে কান্ডের আগার দিকে আক্রমণের মাধ্যমে।



ছবি: ভুড়ার আক্রান্ত গাছ, ফল ও মাজরা পোকা

সমন্বিত বালাই ব্যবস্থাপনা:

১. শস্যের অবশিষ্টাংশ ধ্বংস করতে হবে।
২. ডিম সংগ্রহ করে মাটিতে পুঁতে ফেলতে হবে।
৩. আক্রান্ত গাছ উঠিয়ে ফেলতে হবে।
৪. শস্য পমায় অবলম্বন করতে হবে।
৫. পিপা, লেডি বার্ড বিটল, মাকড়সা এদের প্রাকৃতিক শত্রু। এদের জমিতে সংরক্ষণ করার ব্যবস্থা করতে হবে।
৬. মার্শাল ২০ইসি অথবা ডায়াজিনন ৬০ইসি ২এমএল/লিটার হারে ছিটাতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।